

সম্মানিত সকল সদস্যদের জন্য

প্রিয় মহোদয়,


আপনি অবগত আছেন যে, কোভিড অতিমারী পরবর্তী পরিস্থিতি, ইউক্রেন-রাশিয়া যুদ্ধ, ইসরায়েল-ফিলিস্তিন যুদ্ধ ইত্যাদি কারণে অর্ডার কমে যাওয়া এবং সম্প্রতিক কালে শ্রমিক অসন্তোষ, কারখানার কাজ বন্ধ, শ্রমিক-কর্মচারীদের মারধর, অগ্নিসংযোগ, ভাংচুর, মালামাল লুটপাট ইত্যাদি জটিল পরিস্থিতির কারণে অদ্য ০৯ নভেম্বর, ২০২৩ বিজিএমইএ-তে পোশাক শিল্প মালিকদের সমন্বয়ে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন বিজিএমইএ'র সভাপতি জনাব ফারুক হাসান। সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিজিএমইএ'র প্রাক্তন সভাপতি ও ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র জনাব মোঃ আতিকুল ইসলাম, বিজিএমইএ'র প্রাক্তন সভাপতি জনাব আব্দুস সালাম মুর্শেদী, এম.পি. বিজিএমইএ'র সিনিয়র সহ-সভাপতি জনাব এস.এম. মান্নান (কচি), সহ-সভাপতিবৃন্দ ও পরিচালকবৃন্দ।

সভায় বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

- (১) এখন থেকে বাংলাদেশে অবস্থিত সকল পোশাক শিল্প কারখানাতে সকল ধরনের নতুন নিয়োগ বন্ধ থাকবে। প্রতিটি কারখানার গেইটে “নিয়োগ বন্ধ” কথাটি লিখে ব্যানার টাঙ্গিয়ে দিতে হবে।
- (২) যেসকল কারখানায় অগ্নি-সংযোগ, ভাংচুর বা মারামারির ঘটনা সংঘটিত হয়েছে, সেসকল কারখানা কর্তৃপক্ষকে নিকটস্থ থানায় প্রমানস্বরূপ ছবি ও ভিডিও ফুটেজসহ মামলা রজু করতে হবে। এ ক্ষেত্রে অভিযুক্ত ব্যক্তিগণের নাম জানা না থাকলে অজ্ঞাতনামা উল্লেখ করে মামলা রজু করা যাবে। মামলা করার সাথে সাথে এর একটি কপি মেজর মোঃ সাইফুল ইসলাম, পিএসসি, সিএসসিএম (অবঃ), সিনিয়র অতিরিক্ত সচিব (মোবাইলঃ ০১৭১১-৪২৩৯৯৫), বিজিএমইএ'র নিকট প্রেরণ করতে হবে।
- (৩) যেসকল কারখানার শ্রমিকগণ কারখানায় প্রবেশ করে কাজ করা থেকে বিরত থাকবে বা কারখানা ছেড়ে বেড়িয়ে যাবে, সেসকল কারখানার মালিক বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এর বিধান মোতাবেক কারখানা বন্ধ করে দিবেন।
- (৪) যেসকল কারখানায় অগ্নি-সংযোগ, ভাংচুর বা মারামারির ঘটনা সংঘটিত হয়েছে সেসকল ঘটনার ছবি ও ভিডিও ফুটেজ (যদি থাকে) অতিসত্তর জনাব মোঃ জাকারিয়া, সিনিয়র সিস্টেম এনালিস্ট (মোবাইলঃ ০১৭২০-০১০১০১), বিজিএমইএ'র নিকট প্রেরণ করতে হবে।

উপরোল্লিখিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করার জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ করছি।

ধন্যবাদান্তে,


মোঃ ফয়জুর রহমান

মহাসচিব

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION (BGMEA)
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •